**পল্লী সঞ্চয় ব্যাংক**
**প্রধান কার্যালয়**
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮/ ৯/১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

স্মারক নং-পসব্য/প্রকা/আইটি- ১৯ /২০২৩-২৪/ ১২৭৬৮ — তারিখঃ ১৩/০৮/২০২৩খ্রি.

১। সকল বিভাগীয় প্রধান
পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়।

২। জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।

৩। শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

**বিষয়ঃ সাইবার নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

প্রিয় সহকর্মী,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে,আগামী ১৫/০৮/২০২৩ তারিখে বাংলাদেশের সরকারি/বেসরকারি সংস্থা, আর্থিক প্রতিষ্ঠানে সম্ভাব্য সাইবার হামলার সম্ভাবনা রয়েছে। পল্লী সঞ্চয় ব্যাংকের গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো ও সেবাসমূহ নিরবিচ্ছিন্ন ও সুরক্ষিত রাখার লক্ষ্যে প্রতিরোধমূলক ব্যবস্থার অংশ হিসেবে আপনাদেরকে নিম্নবর্ণিত সতর্কতামূলক অবলম্বন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

ক) সন্দেহজনক মেইল (Junk/Spam/Suspicious) ওপেন না করা বা লিংকে ক্লিক না করা এবং সংযুক্তিতে ক্লিক না করা।

খ) নিজ ই-মেইল, কম্পিউটার, যাবতীয় অনলাইন ভিত্তিক সফটওয়্যারের পাসওয়ার্ড বাংলাদেশ ব্যাংকের গাইড লাইন অনুযায়ী সর্বনিম্ন ৬ শব্দের (১টি বড় অক্ষরের, ১টি ছোট অক্ষরের, ১টি নম্বর,১টি সোস্যাল শব্দ) করা এবং ৩০ থেকে ৯০ দিন অন্তর অন্তর পরিবর্তন করা।

গ) অপ্রয়োজনীয় সফটওয়্যার ডাউনলোড/ইনস্টল না করা।

ঘ) ইউজার নেম/পাসওয়ার্ড কারো কাছে শেয়ার না করা।

ঙ) অপ্রয়োজনীয়/সন্দেহজনক ওয়েবসাইটে প্রবেশ অথবা কোন লিংকে ক্লিক না করা।

চ) পেনড্রাইভ ব্যবহারে সাবধানতা অবলম্বন করা।

ছ) ব্যক্তিগতভাবে তথ্যের সাথে মিল রেখে (যেমন : নাম, জন্মতারিখ, মোবাইল নম্বর) কোন পাসওয়ার্ড না দেওয়া।

জ) কোন পিসি/ সার্ভার আক্রান্ত হয়েছে সন্দেহ করলে উক্ত পিসি/সার্ভার নেটওয়ার্ক সংযোগ বিচ্ছিন্ন করা এবং ভাইরাস মুক্ত না হওয়া পর্যন্ত উক্ত পিসি/সার্ভার হতে তথ্য আদান- প্রদান না করা।

ঝ) কম্পিউটারের অপারেটিং সিস্টেম আপডেট রাখা।

ঞ) প্রয়োজনীয় তথ্য পৃথক স্থানে ব্যাকআপ রাখা।

ট) ব্যাংকের ব্যবহৃত সফটওয়্যারসমূহের লিংক ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী ব্যতীত অন্য কারো কাছে শেয়ার না করা।

ঠ) অফিস ত্যাগের পূর্বে সকল ডিভাইসের পাওয়ার বন্ধ করা।

ড) অপারেটিং সিস্টেমের Firewall সচল রাখা।

২। ব্যাংকের সকল আইটি ব্যবহারকারী কর্মচারীদের উপরোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(শেখ মোঃ জামিনুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৪. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৫. সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীবৃন্দ, পল্লী সঞ্চয় ব্যাংক।
৬. অফিস নথি।